ই-মেইল/ফ্যাক্স/ডাকযোগে প্রেরিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১০৭.০৫.০০১.১৭-২৩২

তারিখ: ০৯ কার্তিক ১৪২৫ / ২৪ অক্টোবর ২০১৮

**বিষয়ঃ ২২/১০/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ২২/১০/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনা মতে।

২৪/১০/১৮

(মো: মাহবুবুল হক)
উপসচিব (বাজেট)
ফোন নং-৯৫৪৫৭৭১
E-mail: ds_budget@mofl.gov.bd

**বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর)।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন/প্রাণিসম্পদ-২/নিরীক্ষা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা।
৪. যুগ্মসচিব (বাজেট/মৎস্য/ব্লু ইকোনমি/প্রাণিসম্পদ-১/প্রাণিসম্পদ-৪/প্রাণিসম্পদ-৩), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (বাজেট-৬ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৮. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১০. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
১১. উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১২. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১৩. উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপসচিব (বাজেট-২০ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপ-প্রধান, বন, মৎস্য ও প্রানিজ সম্পদ উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিস্থান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৬. উপ-প্রধান, কৃষি, শিল্প ও শক্তি এবং সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭. রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৮. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেয়ার অনুরোধসহ)।
১৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অফিস কপি।

*E:\Budget Section\Minutes (Nikosh)\Forwarding.doc*

# ২২/১০/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রইছউল আলম মন্ডল<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬) |
| তারিখ | : | ২২/১০/২০১৮ খ্রিঃ |
| সময় | : | বিকাল ৪:০০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি জনাব মোঃ রইছউল আলম মন্ডল-এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচনা উপস্থাপনের জন্য যুগ্মসচিব (বাজেট)কে আহ্বান জানান। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা-০১: বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:** সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট) সভায় জানান যে, বিগত ১২/০৮/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব থাকলে উহা উপস্থাপনের জন্য সদস্যগণকে অনুরোধ জানান। এ প্রেক্ষিতে সভায় উপস্থিত কমিটির সদস্যগণ বিগত সভার কার্যবিবরণী পেয়েছেন মর্মে সভাকে অবহিত করেন এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচনা-০২: মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর/২০১৮) পর্যালোচনাঃ**

সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০১৮) অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি সভায় অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৫টি কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ৬৩টি কার্যক্রম এবং ৪টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ২২টি কার্যক্রম নির্ধারিত রয়েছে। সভায় উপস্থাপিত প্রতিবেদনে দেখা যায় যে, কোন কোন কার্যক্রমে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন হয়েছে এবং কোন কোন কার্যক্রমের ক্ষেত্রে কোন অর্জন নেই। সভাপতি নির্ধারিত কার্যক্রমের বিপরীতে ১ম প্রান্তিকের অর্জনের বিষয়ে বক্তব্য/মতামত প্রদানের জন্য সংশ্লিষ্টগণকে আহ্বান জানান।

প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক নং ২.১০ [কেনডিডেট বুল (ষাঁড়) তৈরি] কার্যক্রমটির বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। বিষয়টি সময় সাপেক্ষ বিধায় ১ম প্রান্তিকে কোন অর্জন সম্ভব হয়নি। তিনি সভায় জানান যে, ৩.৮ নং (গবাদিপশুর খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন) এবং ৪.৫ নং (কসাইদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান) কার্যক্রম মূলত: কোরবানী ঈদ কেন্দ্রীক হওয়ায় ১ম প্রান্তিকেই লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন সম্পন্ন হয়েছে।

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট সভায় জানান যে, কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক নং ২.১১ [প্রাণিজাত প্রযুক্তি উদ্ভাবন] ও ২.১২ [প্রাণিজাত প্রযুক্তি হস্তান্তর] গবেষণা সংশ্লিষ্ট চলমান কার্যক্রম এবং ক্রমিক নং- ৪.৮ (প্রযুক্তি হস্তান্তরে প্রশিক্ষণ প্রদান) সময় সাপেক্ষ হওয়ায় বছরের ১ম প্রান্তিকে অর্জন সম্ভব হয়নি, তবে পরবর্তীতে বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। ৩.১২ নং কার্যক্রম (মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত আইন-বিধিমালা ও নীতিমালা প্রণয়ন)-এর বিষয়ে আলোচনাকালে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব অরুণ কুমার মালাকার জানান যে, ১ম প্রান্তিক পরবর্তী সময়ে বাংলাদেশ জাতীয় সংসদের চলতি অধিবেশনে একটি আইন (বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট বিল, ২০১৮) পাশ হয়েছে।

মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর সভায় জানান যে, কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক নং ১.৩ (বিল নার্সারি স্থাপন), ১.১০ (IUU ক্যাচ সার্টিফিকেট কমপ্লায়েন্সের জন্য ট্রলার মনিটরিং) ও ১.১১ (সামুদ্রিক মৎস্য জরিপ ক্রুজ) কার্যক্রমের সাথে মৌসুমভিত্তিক সম্পর্ক থাকায় এবং ১.১৬ (টেকসই মৎস্যচাষ সম্প্রসারণ) কার্যক্রমটি প্রকল্পের অর্থ ছাড়ের সাথে সম্পর্কিত হওয়ায় ১ম প্রান্তিকে অর্জন সম্ভব হয়নি। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট সভায় জানান যে, কৌশলগত

উদ্দেশ্যের ক্রমিক নং ১.১৭ (মৎস্যজাত প্রযুক্তি উদ্ভাবন) ও ১.১৮ (মৎস্যজাত প্রযুক্তি হস্তান্তর) গবেষণা সংশ্লিষ্ট চলমান কার্যক্রম হওয়ায় বছরের ১ম প্রান্তিকে অর্জন সম্ভব হয়নি, তবে পরবর্তীতে বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী সভায় জানান যে, কৌশলগত উদ্দেশ্যের ৪.৯ নং কার্যক্রমটি (সামুদ্রিক মৎস্য সম্পদ আহরণ ও ব্যবস্থাপনার লক্ষ্যে ডিগ্রী প্রদান) কোর্সের মেয়াদ সংশ্লিষ্ট বিধায় বছরের ১ম প্রান্তিকে অর্জন সম্ভব হয়নি। তিনি সভায় বলেন যে, নির্ধারিত লক্ষ্যমাত্রা কিছুটা কমানো গেলে শতভাগ অর্জন সহজ হবে। এ প্রেক্ষিতে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব অরুন কুমার মালাকার সভাকে অবহিত করেন যে, এ পর্যায়ে APA এর লক্ষ্যমাত্রা পরিবর্তনের কোন সুযোগ নেই।

বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের প্রতিনিধি সভায় জানান যে, কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক নং ৪.১০ (ভেটেরিনারি পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান) কার্যক্রমটি সিডিউল অনুযায়ী অক্টোবর মাস হতে শুরু করা হয় বিধায় ১ম প্রান্তিকে কোন অর্জন হয়নি। তবে পরবর্তীতে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। এ সংক্রান্ত আলোচনায় অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব অরুন কুমার মালাকার ক্যাটাগরিভিত্তিক প্রশিক্ষণ সিলেবাস প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান।

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের শতভাগ অর্জনের বিষয়ে গুরুত্বারোপ বিশেষত শূন্য পদে নিয়োগ, যথাসময়ে বিদ্যুৎ বিল পরিশোধ, বিদ্যমান নীতিমালা অনুযায়ী অব্যবহৃত/অকেজো যানবাহন নিষ্পত্তিকরণ, অডিট আপত্তি নিষ্পত্তিকরণ, স্থাবর-অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকরণ ইত্যাদি বিষয়ে দ্রুত ও কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি সভায় উপস্থিতগণের দৃষ্টি আকর্ষণ করেন। শুন্য পদে নিয়োগ সংক্রান্ত বিষয়ে একটি রোডম্যাপ তৈরী করে কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০১৮) প্রতিবেদন অনুমোদন করা হয়।

**আলোচনা-০৩: বিবিধঃ** বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্জনের স্বপক্ষীয় প্রমাণকসমূহ স্ব-স্ব দপ্তরে সংরক্ষণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

**সিদ্ধান্ত:**

১। ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০১৮) প্রতিবেদন অনুমোদন এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে এবং চাহিদা মোতাবেক দ্রুত প্রমাণকসমূহ প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১১/১৮

মোঃ রইছউল আলম মন্ডল
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)।

## ২২/১০/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের নাম | স্বাক্ষর | মোবাইল, ফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|
| ১. | [illegible] কাওসার মজুমদার অতিরিক্ত সচিব (প্রশাসন) | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | [signature] ২২/১০/২০১৮ | 01712-926[illegible] |
| ২. | শ্যামল চন্দ্র কর্মকার যুগ্মসচিব | MOFL | [signature] 22/10/18 | 01717922367 |
| ৩ | ড. [illegible] [illegible] | [illegible] | [signature] ২২/১০/১৮ | 0171[illegible] Sarkarnr62@yahoo.com. |
| ৪. | মো: [illegible] করিম উপ-পরিচালক (যুগ্ম সচিব) | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | [signature] ২২/১০/১৮ | 01729-682289 skarim-moa@yahoo.com |
| ৫ | ডা: মো: [illegible] ইসলাম পরিচালক (প্রশাসন). | প্রাণিসম্পদ অধিদপ্তর | [signature] 22/10/18 | 01712-110141 dr.rezafarida@gmail.com. |
| ৬ | মো: আব্দুল মতিন পরিচালক (যুগ্মসচিব) | বিএফডিসি | [signature] | 01711-578942 |
| ৭ | মো: আবদুর রহমান উপসচিব | মৎস্য [illegible] | [signature] | 01712-582323 areahmandof69@gmail.com |
| ৮ | ড: গোপাল চন্দ্র বিশ্বাস প্রধান [illegible] | বিএলআরআই | [signature] | 01715454677 drgopal70@gmail.com |
| ৯ | ড. [illegible] সেলিম [illegible] ইউনিট 3 (L/R) | DLS | [signature] | 01946952011 hmsalim@gmail.com |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের নাম | স্বাক্ষর | মোবাইল, ফোন ও ই-মেইল |
| --- | --- | --- | --- | --- |
| ১০ | ড. নাসরিন সুলতানা [illegible] | [illegible] | [illegible] 22/10/17 | 01914033344 nassnl2003@yahoo.com |
| ১১ | [illegible] | [illegible] | [illegible] | 01747 821833 principalmfa@yahoo.com |
| ১২ | মো: মাহবুব আলম [illegible] | মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম | [illegible] | 01979-217163 malam.mfa@gmail.com |
| ১৩ | ড. [illegible] যুগ্মসচিব | MoFL | [illegible] | 01711430201 |
| ১৪ | [illegible] উপ: সচিব | MoFL | [illegible] 22/10/17 | 01712-749829 |
| ১৫ | ~~[illegible]~~ [illegible] হক [illegible] | DoF | [illegible] 22/10/17 | |
| ১৬ | মো: আনোয়ার হোসেন DD (অর্থ) | DoF | [illegible] | |
| ১৭ | মো: [illegible] | MoFL | [illegible] | |
| ১৮ | ড. [illegible] | [illegible] | [illegible] 22/10/17 | |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের নাম | স্বাক্ষর | মোবাইল, ফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|
| ১৯. | ড. মোঃ [illegible] যুগ্মসচিব | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | [signature] 22/10/18 | 0155244674[illegible] |
| ২০. | মো: মাহবুবুল হক উপসচিব (বাজেট) | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | [signature] 22/10/18 | 01718647580 |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |